দৈনিক বাংলা

1/7/79

পৃষ্ঠা 7

146

# শিক্ষকদের দাবী বিবেচনার জন্য কমিটি

সরকার বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসা শিক্ষকদের জন্য চাকরি-বিধি প্রণয়ন এবং নিম্নতম বেতন ও বেতনক্রম প্রণয়ন ও প্রবর্তনের বিষয় সহানুভূতির সঙ্গে বিবেচনা করেছেন বলে শনিবার শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রেসনোটে বলা হয়েছে।

প্রেসনোটে বলা হয় যে বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষকদের জন্য চাকরিবিধি প্রণয়ন এবং নিম্নতম বেতন/বেতনক্রম প্রণয়ন ও প্রবর্তনের জন্য বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন কিছুদিন যাবৎ সরকারের নিকট দাবী জানিয়ে আসছেন।

এ দুটি বিষয়ই সরকার সহানুভূতির সঙ্গে বিবেচনা করেছেন।

(শেষ-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## শিক্ষকদের দাবী

(১-এর পৃঃ পর)

চাকরির শর্ত ও চাকরিবিধি প্রণয়ন করার উদ্দেশ্যে সরকার শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবকে চেয়ারম্যান, ফেডারেশন ও শিক্ষা বোর্ড এবং বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি সমন্বয়ে একটি কমিটি গঠন করেছেন। কমিটির বিগত কয়েক মাসের পরিশ্রমের ফলে মাধ্যমিক স্কুল, ইন্টারমিডিয়েট কলেজ, ডিগ্রী কলেজ ও মাদ্রাসার জন্য খসড়া চাকরিবিধি প্রণয়ন করা সম্ভব হয়েছে। কমিটি ইতিমধ্যেই খসড়াসহ তাঁদের সুপারিশ সরকারের নিকট পেশ করেছেন। সরকার কমিটির সুপারিশ বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণের জন্য বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের নিকট পাঠিয়েছেন। আশা করা হচ্ছে যে তাঁরা এ সম্পর্কে শীঘ্রই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

নিম্নতম বেতন ও বেতনক্রম প্রণয়ন ও প্রবর্তনের রিপোর্ট পরীক্ষা করে সরকারকে পরামর্শ দেবার জন্য প্রেসিডেন্টের উপদেষ্টা জনাব কা নেয়ারুল হককে চেয়ারম্যান করে সরকার একটি উচ্চপর্যায়ের কমিটি গঠন করেছেন। কমিটি ইতিমধ্যেই তাঁদের কাজ শুরু করেছেন ও কয়েকটি সভায় মিলিত হয়েছেন। এই কমিটিকে সাহায্য করার জন্য সম্প্রতি একটি বিশেষজ্ঞ কমিটিও গঠন করা হয়েছে। উচ্চ পর্যায়ের কমিটি কিছুকালের মধ্যে তাঁদের সুপারিশ সম্বলিত রিপোর্ট সরকারের নিকট পেশ করতে সমর্থ হবেন বলে আশা করা হচ্ছে।